রূপালী ব্যাংক লিমিটেড

কেন্দ্রীয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়,ঢাকা ।

সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/
প্রধান কার্যালয়ের সকল বিভাগ
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা
রূপালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট
ঢাকা ।

ইস্তেহার নংঃ- প্রকা/কেহিবি/০৭
তারিখ ঃ- ০৯-১১-২০১০ইং

বিষয়ঃ- ব্যাংকের ২০০৯ সনে কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণকে Performance Benefit প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত ৩১/১০/২০১০ইং তারিখের পরিচালনা পর্ষদের ৮৩৯ তম সভায় Performance Benefit প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় যা ০৮/১১/২০১০ইং তারিখের পরিচালনা পর্ষদের ৮৪০ তম সভায় নিশ্চিত করা হয়। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত হুবহু নিম্নে উদ্বৃত্ত করা হলোঃ-

সিদ্ধান্তঃ-

"আলোচনান্তে পর্ষদের নিকট অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য Ex-gratia নামক শব্দটিকে সম্মানজনক বিবেচিত না হওয়ায় ৩১-১২-২০০৯ ইং তারিখে ব্যাংকে কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে যারা ব্যাংকের মুনাফা বৃদ্ধিতে অবদান রাখতে সক্ষম হয়েছে তাদেরকে কাজে উৎসাহ প্রদানের জন্য Performance Benefit হিসেবে প্রদানের বিষয়ে পর্ষদ নিম্নোক্তভাবে সিদ্ধান্ত প্রদান করে ঃ-

১। প্রধান কার্যালয়ের সকল বিভাগ(নিরীক্ষা সেল সহ), সকল আঞ্চলিক কার্যালয় ও ৩১-১২-২০০৯ তারিখ ভিত্তিক সকল লাভজনক শাখায় কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের তাদের ৩১-১২-২০০৯ তারিখে আহোরিত ২.৫ (আড়াই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ Performance Benefit হিসেবে প্রদান করা।

২। ডিসেম্বর ২০০৯ এর পজিশনের ভিত্তিতে ৫৮টি লোকসানী শাখায় ছয় মাস ও তদুর্দ্ধ সময় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে শর্তসাপেক্ষে Performance Benefit প্রদান করা হবে, শর্তগুলো নিম্নরূপ ঃ-

(ক) সেপ্টেম্বর ২০১০ তারিখের মধ্যে উক্ত ৫৮টি লোকসানী শাখার মধ্যে যে সকল শাখা লাভজনক শাখায় পরিণত হতে সক্ষম হয়েছে ঐ সকল শাখায় ২০০৯ সালে ছয় মাস ও তদুর্দ্ধ সময় কর্মরত স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণ প্রত্যেকেই তাদের ৩১-১২-২০০৯ তারিখে আহোরিত ২.৫(আড়াই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ Performance Benefit হিসেবে প্রাপ্য হবেন ।

(খ) উল্লেখিত ৫৮টি লোকসানী শাখার মধ্যে যে সকল শাখা সেপ্টেম্বর ২০১০ তারিখের মধ্যেও লাভজনক অবস্থায় উন্নীত হতে পারেনি তারা ডিসেম্বর ২০১০ সালের মধ্যে লাভজনক শাখায় উন্নীত হতে পারলে ঐ সকল শাখায় ২০০৯ সালে ছয় মাস ও তদুর্দ্ধ সময় কর্মরত স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণ প্রত্যেকেই তাদের ৩১-১২-২০০৯ তারিখে আহোরিত ২.৫(আড়াই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ Performance Benefit হিসেবে প্রাপ্য হবে এবং তা দুই কিস্তিতে ব্যবস্থাপনা পরিচালক প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন ।

(গ) ৩১ ডিসেম্বর ২০০৯ ভিত্তিক ৫৮টি লোকসানী শাখার মধ্যে যে সকল শাখা ডিসেম্বের ২০১০ সালের মধ্যেও লাভজনক অবস্থায় উন্নীত হওয়ার সম্ভাবনা নেই ঐ সকল শাখা সমূহের মধ্যে যে শাখা গুলো ২০০৯ এর ডিসেম্বরের তুলনায় ইতোমধ্যে কমপক্ষে ২৫% লোকসান কমাতে সক্ষম হয়েছে ঐ সকল শাখায় ২০০৯ সালে ছয় মাস ও তদুর্দ্ধ সময় কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ২(দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ Performance Benefit হিসেবে প্রাপ্য হবেন এবং তা দুই কিস্তিতে ব্যবস্থাপনা পরিচালক প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন ।

(ঘ) ৩১ ডিসেম্বর ২০০৯ ভিত্তিক ৫৮টি লোকসানী শাখার মধ্যে যে সকল শাখা ইতোমধ্যে ২৫% এর কম লোকসান কমাতে সক্ষম হয়েছে অথবা আদৌ লোকসান কমাতে সক্ষম হয়নি ঐ সকল শাখায় ৬ মাস ও তদুর্দ্ধ সময় কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (৪র্থ শ্রেণীর কর্মচারী ব্যতীত) ১.৫ (দেড়) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ Performance Benefit হিসেবে প্রাপ্য হবেন এবং ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে ভবিষ্যতে ভাল Performance করার অঙ্গীকারনামা আদায়ের পর তা প্রদান করবেন ।

(ঙ) ৩১ ডিসেম্বর ২০০৯ ভিত্তিক ৫৮টি লোকসানী শাখার মধ্যে যে সকল শাখা ২৫% এর কম লোকসান কমাতে সক্ষম হয়েছে অথবা আদৌ লোকসান কমাতে সক্ষম হয়নি ঐ সকল শাখায় ৬ মাস ও তদুর্দ্ধ সময় কর্মরত সকল চতুর্থ শ্রেণীর কর্মচারীগণ (গ) এর অনুরূপ সুবিধা পাবেন ।

৩। ক্রমিক নং ২ এর ক, খ, গ, ঘ ও ঙ অনুচ্ছেদে বর্ণিত শাখাসমূহের/কর্পোরেট শাখাসমূহের পারফরমেন্স, সংশ্লিষ্ট অঞ্চল প্রধান/মহাব্যবস্থাপক প্রত্যয়ন করবেন ।

৪। ইস্তেহার জারী ও বাস্তবায়নের ক্ষেত্রে কোনরূপ অসামঞ্জস্যতা দেখা দিলে অথবা কোন শর্তের ব্যাখ্যার প্রয়োজন হলে প্রধান কার্যালয় কেন্দ্রীয় হিসাব বিভাগ ব্যবস্থাপনা পরিচালকের সাথে পরামর্শক্রমে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

চলমান পাতা-২

বিষয়ঃ- ব্যাংকের ২০০৯ সনে কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণকে Performance Benefit প্রদান প্রসঙ্গে।

কর্তৃপক্ষ আশা পোষন করে যে, কর্মকর্তা ও কর্মচারীদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের মাধ্যমে ব্যাংকটির উন্নতির জন্য তারা অধিকতর মনোসংযোগ করবে। এর আলোকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে Performance Benefit প্রদান করা যেতে পারে।"

১.০০ অর্থ প্রদানকালে বেতন বলতে মূল বেতনের সাথে স্থানান্তর বেতন (Officiating Pay),বিশেষ বেতন (Special Pay),স্বকীয় বেতন (Personal Pay), কারিগরী বেতন (Technical Pay) (যদি থাকে) তা যোগ হবে। অন্য কোন ভাতা বা সংরক্ষিত সুবিধা (Protected Benefits) যোগ হবে না। ৩১শে ডিসেম্বর, ২০০৯ তারিখে আহরিত বেতনের সমপরিমান অর্থ পরিশোধ করতে হবে ।

২.০০ যে সমস্ত নিয়মিত কর্মকর্তা ও কর্মচারী ৩১শে ডিসেম্বর,২০০৯ তারিখ পর্যন্ত অন্যুন ৬ (ছয়) মাস অবিচ্ছিন্ন ভাবে কর্মরত ছিলেন, নিম্নের বিশ্লেষণ অনুযায়ী তারা এই অর্থ পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হবেন।

২.০১ যে সকল কর্মকর্তা ও কর্মচারী ৩১শে ডিসেম্বর,২০০৯ তারিখ পর্যন্ত একাধারে এক বৎসর চাকুরী করেছেন তারা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক Performance Benefit পাবেন। অর্থ প্রদান কালে ইস্তেহারে উল্লেখিত শর্তাবলী অত্যন্ত সতর্কতার সহিত পালনের জন্য সকলকে নির্দেশ দেয়া যাচ্ছে।

২.০২ যে সকল কর্মকর্তা ও কর্মচারী ৩১শে ডিসেম্বর,২০০৯ তারিখ পর্যন্ত অবিচ্ছিন্ন ৬ (ছয়) মাস বা তদপেক্ষা বেশী কিন্তু এক বৎসর অপেক্ষা কম সময় চাকুরী করেছেন, তারা কর্মজীবনের সর্বশেষ মাসে যে মূল বেতন আহরন করেছেন তার আনুপাতিক অংশ পাবে।

২.০৩ ৩১শে ডিসেম্বর, ২০০৯ তারিখে যাদের চাকুরীর মেয়াদ ৬ (ছয়) মাস উত্তীর্ণ হয় নাই অর্থাৎ ২রা জুলাই,২০০৯ সালে বা তার পরে যারা চাকুরীতে যোগদান করেছেন তাদেরকে উক্ত অর্থ প্রদান করা যাবে না ।

২.০৪ খন্ড কালীন চাকুরী বা দৈনিক মজুরী ভিত্তিক চাকুরীতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণকে এই অর্থ প্রদান করা যাবে না।

২.০৫ যে সকল কর্মকর্তা ও কর্মচারী চাকুরী হতে বরখাস্ত (Dismissed),কর্ম হতে অপসারিত (Removed), কর্মচ্যুত (Terminated) অথবা সাময়িক ভাবে বরখাস্ত (Suspended) হয়েছেন, তাদেরকে এই অর্থ প্রদান করা যাবে না।

২.০৬ ব্যাংকের চাকুরী বিধিমালা, ১৯৮১ মোতাবেক গুরুদন্ড হিসাবে বাধ্যতামূলক অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত অর্থ প্রদান করা যাবে না।

২.০৭ যে সকল কর্মকর্তা ও কর্মচারী বর্তমানে অননুমোদিতভাবে কর্মে অনুপস্থিত আছেন তাদেরকে এই অর্থ প্রদান করা যাবে না। পরবর্তীতে তারা উক্ত অর্থ দাবী করলে কর্তৃপক্ষের বিবেচনার জন্য তা পূর্ণ তথ্যাদিসহ প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।

৩.০০ যে সকল কর্মকর্তা ও কর্মচারী ৩১-১২-২০০৯ তারিখে অবসর প্রস্তুতি ছুটি ভোগ করতে ছিলেন অথবা ৩১শে ডিসেম্বর,২০০৯ এর পূর্বেই যাদের উক্ত ছুটি শেষ হয়ে গেছে, তারা আনুপাতিক হারে অর্থ পাবেন। যারা উল্লেখিত বছরে অবসরকালীন ছুটিতে ৬ (ছয়) মাসের কম ছিলেন তারা এই সুবিধা পাবেন না।

৩.০১ প্রয়াত কর্মকর্তা ও কর্মচারীদের (Deceased Employees) মধ্যে ২০০৯ সালে যারা অন্তত পক্ষে ৬ (ছয়) মাস চাকুরীতে ছিলেন তারা আনুপাতিক হারে উক্ত অর্থ পাবেন। তাদের উত্তরাধিকারীগণ উপযুক্ত আদালতের ইচ্ছাপত্র প্রমানক (Probate) প্রদান অথবা দাবীর সমর্থনে সন্তোষজনক কাগজপত্র সংশ্লিষ্ট শাখা ও আঞ্চলিক কার্যালয়ের সুপারিশসহ প্রশাসন ও মানব সম্পদ বিভাগের অনুমতি সাপেক্ষে প্রয়াত ব্যক্তির প্রাপ্য এই অর্থ প্রদান করা যাবে।

৪.০০ যদি কোন কর্মকর্তা ও কর্মচারীকে **কোন ঋণ** আংশিক বা পুরাপুরিভাবে এই অর্থ হইতে পরিশোধ করার শর্তে মঞ্জুর করা হয়ে থাকে, তবে এই অর্থ হতে তা আদায় করতে হবে।

চলমান পাতা-৩

বিষয়ঃ- ব্যাংকের ২০০৯ সনে কর্মরত সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণকে Performance Benefit প্রদান প্রসঙ্গে।

৫.০০ অর্থ প্রদানকালে ভুল বশতঃ কাহাকেও যেন হিসাবে বেশী বা কম দেওয়া না হয়, শাখা ব্যবস্থাপক সেই বিষয়ে সতর্কতা পালন করবেন। ইতোমধ্যে প্রাপ্ত টাইম স্কেল অথবা সংশোধিত বেতন নির্ধারনী সীটে (যাদের ক্ষেত্রে প্রযোজ্য) উল্লেখিত ৩১-১২-২০০৯ তারিখের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদান করতে হবে।

৬.০০ সংযুক্ত ছকের ৭ম কলামে উল্লেখিত টাকা **প্রধান কার্যালয় হিসাব ডেবিট করে (S.F.-180)** প্রদান করতে হবে। **কোন অবস্থাতেই শাখার ব্যয় খাত হতে দেয়া চলবে না।** অর্থ প্রদানের পর স্থানীয় কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ ব্যতীত অন্যান্য শাখা সংযুক্ত 'ছক' অনুযায়ী একটি বিবরণী ও সংশ্লিষ্ট বিকলন পত্র (**Debit Advice-S.F.-180**) স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। পরবর্তীতে আঞ্চলিক কার্যালয় ঐ অঞ্চলের সকল শাখার Debit Advice ও বিবরণীসমূহ একত্রে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে এক সপ্তাহের মধ্যে উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, ঢাকা বরাবরে পাঠাবেন এবং এই মর্মে নিশ্চয়তা দিবেন যে, ঐ অঞ্চলের কোন শাখার বিবরণী ও Debit Advice বাদ পড়েনি। পুনরোল্লেখ্য যে, কোন শাখা সংশ্লিষ্ট বিবরণী ও Debit Advice সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে না। শুধু স্থানীয় কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ সরাসরি বিবরণী ও Debit Advice কেন্দ্রীয় হিসাব বিভাগে পাঠাবে।

৭.০০ গ্রাহকের হিসাব হতে বেতন প্রাপ্ত অস্থায়ী /সার্বক্ষণিক কর্মরত গুদাম রক্ষক ও চৌকিদার যাদের অবিচ্ছিন্ন কার্যকাল ৩১-১২-২০০৯ তারিখে ১ (এক) বৎসর পূর্ণ হয়েছে, তাদেরকে সংশ্লিষ্ট গ্রাহকদের লিখিত অনুমতিক্রমে গ্রাহকের ঋণ হিসাব ডেবিট করে পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক যে হারে Performance Benefit প্রাপ্য হবেন তার সমপরিমান অর্থ প্রদান করা যেতে পারে। অর্থ প্রদান কালে যদি কোন গুদাম রক্ষক বা গুদাম প্রহরীর অগ্রিম বেতন/ ঋণ থাকে তা হলে ঐ সকল অগ্রিম বেতন/ ঋণ উপরোল্লিখিত ৪.০০ অনুচ্ছেদ অনুযায়ী অবশ্যই আদায় করতে হবে।

৮.০০ প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগের পূর্ব অনুমোদন ব্যতীত ০৯-১২-২০১০ইং তারিখের পর কোন কর্মকর্তা ও কর্মচারীকে এই অর্থ প্রদান করা যাবে না। অনুরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর আবেদন পত্র শাখা ব্যবস্থাপক ও আঞ্চলিক প্রধানের সুপারিশসহ অত্র বিভাগে প্রেরণ করতে হবে এবং কেন উক্ত কর্মকর্তা ও কর্মচারীকে নির্ধারিত তারিখের মধ্যে উক্ত অর্থ প্রদান করা সম্ভব হয় নাই তা শাখা ব্যবস্থাপক/আঞ্চলিক প্রধানকে তাদের পত্রে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯.০০ **অনতিবিলম্বে/ ইস্তেহার জারীর তারিখ থেকে এ আদেশ/নির্দেশ কার্যকর হবে।**

(মোঃ মাইনুল হক)
মহাব্যবস্থাপক

(গাজী মোঃ আমীর হোসেন)
উপ মহাব্যবস্থাপক

রূপালী ব্যাংক লিমিটেড

..................................শাখা ....অঞ্চল।

স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদের ২০০৯ইং সালের (৩১-১২-২০০৯ইং তারিখের আহরিত মূল বেতন) ২.৫ (আড়াই)/২.০ (দুই)/১.৫(দেড়) মাসের

<u>Performance Benefit বাবদ অর্থ প্রদানের বিবরণী।</u>

ক্রঃ নং	নাম	পদবী	৩১-১২-২০০৯ইং তারিখে যাহাদের চাকুরীর মেয়াদ ৬ (ছয়) মাসের বেশী কিন্তু ১ (এক) বৎসরের কম হইয়াছে তাহাদের কাজে যোগদানের তারিখ	৩১-১২-২০০৯ইং তারিখের ২.৫/২.০/১.৫ মাসের মুল বেতন	৩১-১২-২০০৯ইং তারিখের ব্যক্তিগত অন্যান্য বেতন (যদি থাকে) ১নং অনুচ্ছেদ মোতাবেক	মোট বেতন (৫+৬)	প্রাপ্ত মোট Performance Benefit এর পরিমাণ	প্রধান কার্যালয়কে ডেবিট করে প্রদত্ত অর্থের পরিমাণ (এডভাইস নং ও তারিখসহ)	আদায়যোগ্য ঋণের কিস্তি বা অগ্রিম বাবদ নেয়া টাকা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

দ্বিতীয় কর্মকর্তা   শাখা ব্যবস্থাপক